গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা

নং ১০(১) শু ঃ ভঃ প্রঃ-৩/২০১৪/৪৪৮ তারিখ ঃ ১৭/০৫/২০১৫

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা এর স্মারক নং ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৭৩২/২০১৩(অংশ-১)/২১০ তারিখ ২০/১১/২০১৪ এর সুপারিশকৃত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল টাকা ৮০০০-৪৫০ X ৭-১১১৫০-ইবি-৪৯০ X ১১-১৬৫৪০/- বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০১(এক) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিসী মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে শিক্ষানবিসী মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ -(ক) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ- (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে-এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট/প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে এ বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servant (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৫/০৫/২০১৫ তারিখ পূর্বাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এই নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হতে পারে।

০৩। পদের নাম ঃ সহকারী রাজস্ব কর্মকর্তা।

| ক্রঃ/নং | মেধাক্রম | নাম | জন্ম তারিখ | নিজ জেলার নাম | রেজি ঃ নং |
|---|---|---|---|---|---|
| ১ | ৫ | সঞ্জয় কুমার ঘোষ | ১৬/০৮/১৯৮৭ | ঝিনাইদহ | ০০৫১৪৪ |
| ২ | ৩২ | সমীর বিশ্বাস | ২১/১২/১৯৮৮ | বরিশাল | ০৩৩৩৬০ |
| ৩ | ৬১ | মোঃ ফরিদ উদ্দিন | ২৮/১২/১৯৮৪ | পাবনা | ০৬৮৭৫৭ |
| ৪ | ৭১ | তাপসী রায় টুম্পা | ১৯/০২/১৯৮৪ | বাগেরহাট | ০৪৫৮৫৪ |

স্বাক্ষরিত/-
(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

নং ১০(১) শু ঃ ভঃ প্রঃ-৩/২০১৪/৪৪৮(১-৮) তারিখ ঃ ১৭/০৫/২০১৫ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৫. জনাব..........................................................................................................
..........................................................................................................
৬. ব্যক্তিগত নথি।

১৭/৫/১৫
(মোঃ মোস্তফা কামাল)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৩)
ফোনঃ ৯৩৫৬৪৬০

# সম্পদের হিসাব বিবরণী
## (স্থাবর)

সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩(১)বিধি

আমি............................................. পরিচিতি নম্বর যদি থাকে-------------------------------

পদবীঃ............................................চাকুরীতে যোগদানের তারিখঃ........................................

বর্তমান কর্মস্থলঃ...................................................এ মর্মে ঘোষনা করছি যে, আমার/আমার পরিবারের সদস্যগণের নামে চাকুরীতে প্রথম যোগদানের তারিখ পর্যন্ত নিম্নে বর্ণিত সম্পদ/সম্পত্তি বিদ্যমান আছেঃ

| সম্পদ/সম্পত্তির বিবরণ | সম্পদ অর্জনের তারিখ | যার নামে অর্জিত | সম্পদ/সম্পত্তির প্রকৃতি ও অবস্থান | সম্পত্তির পরিমান | কিভাবে অর্জিত ও অর্জনের তারিখে মূল্য | ক্রয় হলে অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১) জমি (কৃষি/অকৃষি) | | | | | | | |
| ২) ইমারত | | | | | | | |
| ৩) বসতবাড়ী | | | | | | | |
| ৪) ব্যবসা প্রতিষ্ঠান | | | | | | | |
| মোট | | | | | | | |

## সম্পদের হিসাব বিবরণী
## (অস্থাবর)

| সম্পদ/সম্পত্তির বিবরণ | সম্পদ অর্জনের তারিখ | যার নামে অর্জিত | সম্পদ/সম্পত্তির প্রকৃতি ও অবস্থান | সম্পত্তির পরিমান | কিভাবে অর্জিত ও অর্জনের তারিখে মূল্য | ক্রয় হলে অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১) অলংকারাদি | | | | | | | |
| ২) স্টকস | | | | | | | |
| ৩) শেয়ার | | | | | | | |
| ৪) বীমা | | | | | | | |
| ৫) নগদ/ব্যাংকে গচ্ছিত অর্থ | | | | | | | |
| ৬) মোটর ভেহীকলস্ | | | | | | | |
| ৭) ইলেকট্রনিক্স জিনিষপত্র (কম্পিউটার, টেলিভিশন, এয়ারকুলার, রেফ্রিজারেটর, ওভেন ইত্যাদি) | | | | | | | |
| মোট | | | | | | | |

আমি আরও ঘোষণা করছি যে, উপরোক্ত সম্পদ/সম্পত্তি (স্থাবর/অস্থাবর) বিবরণী আমার জ্ঞাত ও বিশ্বাসমতে সত্য। এমন কোন সম্পদ/সম্পত্তি (স্থাবর/অস্থাবর) বিবরণী এ হিসাব বিবরণী হতে গোপন করা হয়নি, যাতে আমার নিজের অথবা আমার পরিবাবের সদস্যগণের মাধ্যমে স্বার্থ বিহিত আছে।

স্বাক্ষর ঃ

নাম ঃ

পদবী ঃ